

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd

নং-২২.০২.০০০০.০২৬.১৬.০৩২.১৯-

তারিখ: /০১/১৪৩৩ বঙ্গাব্দ
/০৫/২০২৬ খ্রিষ্টাব্দ

গণবিজ্ঞপ্তি

কৃষিমাটি সুরক্ষা ও বায়ুদূষণ রোধে পোড়ানো ইটের পরিবর্তে ব্লক ব্যবহার করুন

কৃষিমাটি সুরক্ষা ও বায়ুদূষণ রোধে সরকার সকল প্রকার সরকারি নির্মাণ ও সংস্কার কাজে পোড়ানো ইটের পরিবর্তে ব্লক ব্যবহার (মহাসড়ক ব্যতীত) বাধ্যতামূলক করেছে। ব্লক ব্যবহারে কৃষিমাটি সুরক্ষা ও বায়ুদূষণ রোধ ছাড়াও নিম্নরূপ সুফল ও সুবিধাদি রয়েছেঃ

ব্লক ব্যবহারের সুফল ও সুবিধাদি

- “অপোড়ানো পদ্ধতির ব্লক উৎপাদন প্রক্রিয়া বায়ু দূষণ সৃষ্টি করে না”- ফলে এটি জনস্বাস্থ্যের জন্য সহায়ক;
- ব্লক উৎপাদনে মাটির পরিবর্তে বালি, ড্রেজিং ম্যাটেরিয়াল, পরিত্যক্ত বিল্ডিংয়ের কংক্রিট, বিভিন্ন ধরনের বর্জ্য ইত্যাদি ব্যবহারের ফলে কৃষি জমির উর্বর মাটি রক্ষা ও বনজ সম্পদের অপচয় রোধ হয়;
- নদীর ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবহার করা যায় বিধায় নদীর নাব্যতা বৃদ্ধির সাথে সাথে ব্লক তৈরীর কৌচামাল প্রাপ্তিতে সহায়ক ভূমিকা রাখে;
- স্থায়ীত্বকাল ও কাঠামোগত ভারসাম্য বেশী ও অধিক ভূমিকম্প সহনীয়;
- ব্লক নির্মিত অবকাঠামো তাপ ও অগ্নি নিরোধক এবং শব্দদূষণ রোধে সহায়তা করে;
- বায়ুদূষণ ও কার্বন ডাই-অক্সাইড নিঃসরণ হ্রাস করে বৈশ্বিক উষ্ণায়ন ও জলবায়ু পরিবর্তনে ইতিবাচক ভূমিকা রাখে;
- সারা বছরব্যাপি ব্লক উৎপাদন করা যায় এবং ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তারা এই কার্যক্রমে অংশগ্রহণ করতে পারে।

এমতাবস্থায়, পরিবেশ সুরক্ষা, কৃষি জমির মাটি সংরক্ষণ এবং জনস্বাস্থ্য ও টেকসই উন্নয়ন নিশ্চিতকরণের লক্ষ্যে ইটের বিকল্প হিসেবে পরিবেশবান্ধব ব্লক উৎপাদন ও ব্যবহারে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা ও সক্রিয় অংশগ্রহণ কামনা করা যাচ্ছে।

মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর